

চলো হই

# আর্কিটেক্ট

Najmus Sakib Pranto


| | | |
|---|---|---|
| Part-01 : Basic Introduction | 02 | Click |
| Part-02 : What is Architecture | 04 | Click |
| Part-03 : মানবন্টন এবং প্রশ্নব্যাঙ্ক | 05 | Click |
| Part-04 : Job Field | 07 | Click |
| Part-05: Composition | 08 | Click |
| Part-06 : Logo Design | 12 | Click |
| Part-07 : Human Figure | 14 | Click |
| Part-08 : Poster Design | 19 | Click |
| Part-09 :3D Drawing | 26 | Click |


Published By AAPathshala

# চলো হই আর্কিটেক্ট(Part-01 : Basic Introduction)

আর্কিটেকচার Subject সম্পর্কে আমাদের ছাত্ররা খুব একটা বেশি ধারনা রাখে না। আমি এই Subject এর ছাত্র তাই আমার কিছুটা দায়ভার থেকে যায় সবাইকে ধারনা দেওয়ার।

বাংলাদেশে পাবলিক বিশ্ববিদ্যালয় গুলাতে এই Subject টা নতুন। মাত্র ৮-১০ টা বিশ্ববিদ্যালয়ে আছে আর maximum গুলাতে কয়েক বছর আগে খোলা। KU, BUET এ বেশ আগে থেকে আছে। প্রতিটা আর্কিটেকচার স্কুল এর আলাদা style আছে।

আর্কিটেকচারে ভর্তি পরীক্ষার সবচেয়ে মজার ব্যাপার হল Question কি আসবে তা আগে থেকে বলে দেওয়া যায়।

- Composition (2D & 3D)
- Perspective Drawings (1point & 2point)
- Poster
- Human figure drawing
- Logo
- Motion, movement দেখিয়ে একটা drawing

এবার দেখা যাক এই topic গুলা থেকে কেমন প্রশ্ন হয় এবং উত্তর কিভাবে দিতে হয়।

**Composition:**

যে কোনো জায়গায় পরীক্ষা দিতে যাও এই প্রশ্ন আসবেই। 2d, 3d composition আসে। এখানে একটু বলে রাখা ভাল এখানে composition মানে "write a composition about..... " না। এখানে composition মানে সাজানো। এখন বলতে পার কি সাজাতে হবে। প্রশ্নে এমন থাকবে যে ২ টি ত্রিভুজ ৩ টি বৃত্ত ও ২ টি সরল রেখার একটি composition কর। তখন তোমাকে খাতায় এই কয়টি elements দিয়ে একটি composition করতে হবে। আর 3d composition তেমন কিছুনা। elements গুলাতে shade shadow দিলেই হয়ে যায়।

**Perspective :**

1 point অথবা 2 point perspective আসে। যেমন : একটি ট্রেনের বাঁক নেয়ার ছবি আক, শহরের গলির ছবি আক, একটি বহুতল ভবন এর ছবি আক।

**Poster:**

প্রশ্নে যেকোনো event এর poster আকতে বলতে পারে। যেমন : রক্তদান কর্মসূচির, পহেলা বৈশাখ, সড়ক দূর্ঘটনায় জনসচেতনতা মূলক poster আক।  poster এর পরিবর্তে logo, বই এর প্রচ্ছদ থাকতে পারে

**Human figure :**

এখানে human activity বা movement আকতে বলা হয়।
যেমন : একজন মানুষ বসে আছে, সাইকেল চালাচ্ছে, দৌড়াচ্ছে এই ধরনের activity আকতে বলবে। এখানে human figure এ কিছুটা detail করতে হয়। muscle movement,motion দেখাতে পারলে খুব ভাল।
প্রশ্ন কি কি আসে তা তো বলা হল। এবারে দেখা যাক উত্তর কিভাবে করতে হয়।

Academic & Admission pathshala We Rise By Lifting Others

এখানে সব প্রশ্নের উত্তর ছবি একে দিতে হয়। অর্থাৎ art. আর art সবাই এক ভাবে দেখেনা। তার মানে এই তুমি যা draw করেছ তা তোমার কাছে ভাল লাগলেও তা স্যার এর ভাল নাও লাগতে পারে, আবার উল্টাটাও হতে পারে। তবে কিছু basic নিয়ম কানুন আছে। যেমন : rule of third, golden ratio, interlock, focus point, hierarchy এগুলা বললে বুঝতে পারবে না। আর দেখার সবচেয়ে ভাল উপায় হল google, youtube. আর যারা এই subject এ পড়ছে তাদের সাথে contact করতে পারলে সবচেয়ে ভাল হয়।
পরীক্ষায় পেন্সিল, কলম ২ টাই ব্যবহার করা যবে। তবে আকার হাত ভাল না হলে কলম না ব্যাবহার করা ভাল। রঙ করার দরকার নাই।

তোমরা হয়তো ভাবছ ভাল ছবি তো আকতে পারিনা তা আর্কিটেকচারে পরীক্ষা দিব না। আসলে খুব ভাল ছবি আকার দরকার পরেনা। মোটামুটি কিছু একটা আকলেই হয়। তাই পরীক্ষাটা দিও।
একটা কথা বলে রাখা দরকার, আর্কিটেকচারের সবচেয়ে সহজ কি জানো, চান্স পাওয়া। পরের রাস্তাটা খুব কঠিন। guinness book এর তথ্য অনুসারে সবচেয়ে কঠিন subject আর্কিটেকচার।

তবে এটা নিশ্চিত, যে পথ যত কঠিন সে পথে চলার মজা তত বেশি। কারন আর্কিটেক্ট হয়ে বের হওয়ার পর career নিয়ে খুব একটা চিন্তা করতে হয়না। তুমি আর্কিটেকচার ছাড়াও graphic design, animation, photography, game এর visual effect, interior design সহ অনেক sector এ যেতে পারবে।
আশা করব যা বললাম তা তোমাদের ভাল লাগবে এবং কাজে লাগবে। তোমরা সবাই আর্কিটেকচারে পরীক্ষা দাও, তোমাদের মধ্যে কেউ হয়ত master architect হবে।

Academic & Admission
pathshala
We Rise By Lifting Others

# চলো হই আর্কিটেক্ট(Part-02 : What is Architecture?)

আর্কিটেকচার নিয়ে বেসিক অনেক কিছু আগের পোস্টে বলেছি।আরো কিছু ডিটেইলস বললাম আজ।জব /প্রশ্নপত্র সম্পর্কে আরেকদিন বলবো। 🙂 প্রথমেই বলে নেই আর্কিটেকচার কিন্তু প্রকৌশল নয়। আবার আর্কিটেকচার কোন সাবজেক্ট ও নয়। তাহলে আর্কিটেকচার কী?এর উত্তর হয়ত ১০ বছর এই ক্ষেত্রে থেকেও বুঝা যাবে না। ছাত্র হিসাবে আর্কিটেকচার যতটা পড়া তার চেয়ে বড় হল লাইফ স্টাইল। সেটা কেমন? এটাও বলার নয় দেখে অণুকরণ করার নয় নিজে নিজে গড়ে নেবার ব্যাপার। সেটা কীভাবে কেন কোথায় এর উত্তর কেবল যিনি কাজটি  করছেন তিনিই দিতে পারেন।

. তাহলে আর্কিটেকচারে কী পড়ায়? বিল্ডিং ডিজাইন করা? নিশ্চয়ই। তবে সেটা সামান্য পার্ট মাত্র। আর্কিটেক্ট কী করে? বিল্ডিং ড্রইং করে। সেটা সবাই পারে না ঠিকই। কিন্তু সিভিল ইঞ্জিনিয়ার বা নিয়ম জানা সাধারণ মানুষ ও পারে। তবে কেন এদের দরকার? আর শুধু কী এই ই করে? প্রশ্ন অনেক উত্তর সামান্য। এসবই নিজের এক্সপ্লোর করার ব্যাপার।

.

এটুকু বলে দেয়া যায় একজন আর্কিটেকচার ছাত্রের জন্যে জীবন,প্রকৃতি আর মানুষ হল পড়ার বিষয়। এর সাথে সম্পর্কিত যা যা হতে পারে সবই এখানে পড়ানো হয়। ডিজাইন করা আর তাকে ডেভেলপ করা এটাই মূল কাজ। ডিজাইন যে কোন বিষয় এর হতে পারে। চাকরী নিয়েও কিছু বলা যাবে না। এমনকী তুমি আর্কিটেক্ট হবে কী না
তাও না। বেতন বা এরকম ব্যাপার নিয়ে কথা বলা বোকামি। তবে যারা ভাব যে “না খেয়ে মরতে হবে” তাদের দ্বিধাহীন কন্ঠ্যে শুধু বলতে পারি “না।”

.

এবার আশা যাক কী কী চাই। অসীম ইচ্ছা, পরিশ্রমী মানসিকতা, Ambition, fitness আর নিজেকে প্রকাশ করার ইচ্ছা ও ক্ষমতা। এটা পর্যাপ্ত জ্ঞান সম্পন্ন যে কেউ স্বীকার কচার শেষ করা সবচেয়ে কঠিন।

.

আর কী যোগ্যতা লাগে? ভাল আকতে পারবে যে জগতে যত বিদ্যা আছে যা বিশ্ববিদ্যালয়ে পড়ান হয় তার মাঝে আর্কিটেক্ট? হলে ভাল। না হলে খারাপ তাও না। তবে অল্পতে তুষ্ট না হওয়া, মূলের বা সাধারণের বাইরে চিন্তা করা এবং কখনো হার না মানার মত মন দরকার। শিক্ষার প্রসেসটা খুব দ্রুত না। আবার অল্প সময়ে অমানুষিক পরিমান চাপ নিতেও হয়।

.

সুতরাং যা সবচেয়ে আগে চাই তা হল “ আমি আর্কিটেকচারই পড়তে চাই” এই ইচ্ছা। আমি আবারো বলছি আর্কিটেকচার তোমাকে কোথায় নিয়ে যাবে আমি জানি না, কীভাবে যাবে তাও না। তবে যেতে হবে নিজেকে আর রাস্তাটা যথেষ্ট কঠিন।

.

ভাল কিছু কথা না বললে কেউ সেই ইচ্ছাটা পাবে না। আর্কিটেকচারের শিক্ষার্থীদের ব্যক্তিত্ব, চিন্তাধারা, জীবন যাপন থেকে জীবিকা সব এই বিষয়ের blessing বলা যায়। জিজ্ঞাসা করলেই জানবে এই ডিপার্টমেন্ট যেখানেই আছে সত্যিকারের আনন্দ আর জীবন সেখানে খুজে পাওয়া যাবেই। জানা ও শেখার পরিধিতে যে কোন
মানুষের সাথে পাল্লা দিতে পারে একজন আর্কিটেক্ট।

.

ধরা যাক একটা স্কুল ডিজাইন করতে হবে। বাচ্চা থেকে টিন এজার দের মানসিকতা, শিক্ষকের শিক্ষাদানের উপায় থেকে শুরু করে দেশের ও বিশ্বের শিক্ষাব্যবস্থা নিয়ে দিনের পর দিন কাজ করে যেতে হয়। যেটা অনেক শিক্ষাবিদ ও করেন না অনেক সময়। এবং কাজটা সহজ নয়।

.

৫ বছর প্রায় ২০০ ক্রেডিট এর মাঝে ইতিহাস থেকে ইলেক্ট্রিকাল ইঞ্জিনিয়ারিং, মেকানিকাল থেকে সিভিল সব যেমন আছে ডিপার্টমেন্টের নিজস্ব সাবজেক্ট এর বৈচিত্র যে কাউকে মুগ্ধ করে দেবে।

.

যেমন শুধু গান এর আসল স্বাদ বোঝার জন্যে ১.৫ ক্রেডিট এর কোর্স আছে এতে। এটা শুধুই সামান্য চিত্র দিচ্ছে কেবল। এমন অনেক মজায় অনেক ব্যাথায় ভরা এক জীবনের নাম আর্কিটেকচার।এখানে বন্ধু মানে পরিবার হয়ে
ওঠে, জীবন মানে প্রজেক্ট হয়ে যায়,অস্বাভাবিক খুব স্বাভাবিক হয়ে যায় আর শেষে সৃষ্টির অর্থ খুজে বের করা মাঝে মাঝে যায়। এটাই মজা, এটাই উৎসাহ। আর্কিটেকচার শুধুই তাদের যারা এটা করতে চায়।,

Academic & Admission
We Rise By Lifting Others

# চলো হই আর্কিটেক্ট(Part-03 : মানবন্টন এবং প্রশ্নব্যাঙ্ক)


আজ তোমাদের সাথে আলোচনা করবো কোথায় কোথায় আর্কিটেকচার সাবজেক্ট টা আছে.... এবং প্রশ্নপত্র সম্পর্কে....
প্রকৌশল বিশ্ববিদ্যালয় গুলোর মধ্যে ( BUET, RUET, KUET, CUET) সব গুলোতেই ARCHITECTURE SUBJECT আছে। তা ছাড়া, Sust,HSTU,KU,MIST,BSMRSTU এগুলোতেও রয়েছে এই সাবজেক্ট নিয়ে পড়ার সুযোগ।
এছাড়া প্রাইভেট বিশ্ববিদ্যালয় গুলোতে তো আছেই...
আর্কিটেকচারের জন্য মুলত B-UNIT(ENGINEERING+ARCHI) তে পরীক্ষা দিতে হয়।

1. Composition
2. Logo/poster design
3. Human figure
4. Perspective drawing
5. scenario

MIST তে প্রশ্ন একটু প্যাচানো হয়। যেমন গতবারের প্রশ্ন ছিল একটা " শরতের পড়ন্ত বিকালে কিছু ছেলে দৌড়ে বাড়ি ফিরছে। মনে কর তুমি শেষের ছেলেটি। তোমার দৃষ্টিতে চিত্র আকাও সাথে mcq, short question, composition, poster, perspective আছেই। মোটামুটি বাকি অন্য সব প্রশ্ন এগুলোর মধ্যে থেকেই হয়

| Architecture(স্থাপত্য) | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| **Varsity** | **Archi Unit** | **Topic** | **প্রশ্ন সংখ্যা ও নম্বর** | **Marks** | **Time** | **Seat** |
| BUET | Unit-B | মুক্তহস্ত অঙ্কন ও স্থানিক ধীশক্তি থেকে 7টি প্রশ্ন | (70×4+10×4) | 250 | 90 | 60 |
| RKCUET | Unit-B | মুক্ত হস্ত অঙ্কন থেকে চারটি প্রশ্ন | 4টি(50×4) | 200 | 60 | (30+40+30) |
| MIST | Unit-B | Drawing & Architecture Related Topics | | 100 | 120 Minutes | 25 |
| SUST | Unit-B | ড্রয়িং ও স্থাপত্য বিষয়ক সাধারন জ্ঞান | 4টি(4+6+10+10) | 30 | 60 Minutes | 30 |
| HSTU | Unit-B | মুক্ত হস্ত অঙ্কন | 3টি(20+15+15) | 50 | 50 Minutes | 35 |
| PUST | Unit-A | মুক্ত হস্ত অঙ্কন | 2টি প্রশ্ন(15+15) | 30 | 30 Minutes | 30 |
| BSMRSTU | Unit-I | মুক্ত হস্ত অঙ্কন | 5টি প্রশ্ন(5×6) | 30 | 30 Minutes | 35 |
| KU | Unit-A | মুক্ত হস্ত অঙ্কন | 3টি প্রশ্ন(3×15) | 45 | 45Minutes | 37 |

# Architecture Admission Question(Year : 2020)

| Varsity | Q. No. | Question |
|---|---|---|
| BUE T | 1 | বল হাতে ক্রিকেট খেলোয়ারের একটি দৃশ্য অঙ্কন কর।(70) |
| | 2 | কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার চিত্র আঁক।(70) |
| | 3 | রান্নাঘরের অভ্যন্তরীণ দৃশ্য আঁক।(70) |
| | 4 | রুবিক্স কিউবের একটা তলের প্রতিবিম্ব অংকন কর।(10) |
| | 5 | ঘুরিটিকে ঘড়ির কাটার ঘূর্ণন এর দিকে ৯০° ঘুরালে কি হবে তার ফলাফল অংকন কর।(10) |
|  | 6 | একটা আবদ্ধ বস্তুর প্লেইন শিট এর ছবি হয়েছে।বস্তু টা গঠন করে মিনিমাম ৩টা তল দেখিয়ে ছবি অংকন কর।(10) |
|  | 7 | একটা রোড ম্যাপ এর ছবি একজন মানুষ এর যাত্রা, শুরুর স্থান থেকে শুরু করে কোথায়  গিয়ে শেষ হলো তা বাংলায় একটা প্যারা তে লেখা ছিল।প্রশ্ন ছিল তার যাত্রা পথ একটা  সরলরেখা দ্বারা চিহ্নিত করতে(10) |
| RKCUET | 1 | পাঁচটি বর্গ আর তিনটি বৃত্ত দিয়ে কম্পোজিশন কর। |
| | 2 | পদ্মা নদীতে মাছ ধরার দৃশ্য আঁক। |
| | 3 | কোভিড-১৯ এর সচেতনতা মুলক পোস্টার আঁক। |
| | 4 | রেল স্টেশনের ছবি অঙ্কন কর। |
| SUST | 1 | নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।<br>ক. বিশ্ব জলবায়ু সম্মেলন ২০২১ (COP-26) কোন শহরে অনুষ্ঠিত হয়?<br>খ. স্থাপত্যে অবদানের জন্য কোন আন্তর্জাতিক পুরস্কারকে 'Nobel prize of Architecture' হিসেবে অভিহিত করা হয়?<br>গ. কোন বৃটিশ চলচিত্র নির্মাতা 'মাস্টার অব সাসপেন্স' নামে পরিচিত?<br>ঘ. টেরাকোটা (Terracotta) কি? |
| | 2 | কোভিড-১৯ এর সচেতনতা মুলক পোস্টার আঁক। |
| | 3 | শীতের সকালে খেঁজুরের রস সংগ্রহকারীর ছবি আঁক। |
| | 4 | ব্যস্ত শপিং মলের একটি ছবি আঁক। |
| PUST | 1 | মুজিব জন্মশতবার্ষিকী এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে বিজয় দিবস উদযাপনে ছবি |
| | 2 | বৈশ্বিক জলবায়ুর জনসচেতনতা মুলক পোস্টার |
| HSTU | 1 | শহরের ব্যস্ত রাস্তার কোণে চায়ের স্টলের দৃশ্য অংকন কর। |
| | 2 | অমিক্রন ভেরিয়েন্ট প্রতিরোধে জনসচেতনতা মুলক পোস্টার অঙ্কন কর। |
| | 3 | পাঁচটি সরলরেখা দিয়ে কম্পোজিশন তৈরি করো অথবা যেকোনো দশটি বাংলা বর্নের একটি কম্পোজিশন তৈরি করো। |
| KU | 1 | একটি বই,একটি কলম এবং একটি ঘড়ি দিয়ে কম্পোজিশন কর। |
| | 2 | একজন শিক্ষার্থী স্কুলে যাচ্ছে -এই দৃশ আঁক। |
| | 3 | একটি চায়ের দোকানের দৃশ্য আঁক। |
| BSMRSTU | 1 | তুমি যে রুমে বসে পরীক্ষা দিচ্ছো সে-ই view থেকে একটা ছবি। |
| | 2 | ষাট গম্বুজের ত্রিমাত্রিক দৃশ্য |
| | 3 | রেল স্টেশনে কুলি মজুরের মাল টানার দৃশ্য |

# চলো হই আর্কিটেক্ট(Part-04 : Job Field)

যাদের প্রশ্ন ছিল... জব ফিল্ড সম্পর্কে....
দেশের আর্থসামাজিক প্রেক্ষাপটে সাধারণ শিক্ষায় শিক্ষিতরা অনেক ক্ষেত্রেই চাকরির অনিশ্চয়তায় ভোগেন। সে হিসেবে সৃজনশীল শিক্ষা বেকারত্ব দূরীকরণে এবং তরুণ গ্রাজুয়েটদের বর্ণাঢ্য ক্যারিয়ার গড়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এ রকমই ক্রিয়েটিভ শিক্ষা হচ্ছে আর্কিটেকচার। দেশ-বিদেশে এখন আর্কিটেক্টদের ব্যাপক চাহিদা। একটা সময় ছিল যখন সিভিল ইঞ্জিনিয়ার দিয়ে স্থপতিদের কাজ করানো হতো। সময় বদলেছে। বিশ্বের অন্যান্য দেশের মতো এখন বাংলাদেশেও আর্কিটেক্টরা ভবনের ভেতর-বাইরের নকশা থেকে শুরু করে পুরো কাজের নেতৃত্ব দেন। স্থাপত্য পেশায় চাকরির বাইরেও ফ্রিল্যান্স কাজ করার যথেষ্ট সুযোগ থাকে।

**কর্মক্ষেত্র :**
বতর্মানে স্থপতিদের কর্মক্ষেত্র অবারিত। এ বিষয়ে স্টার আর্কিটেক্টের সিনিয়র স্থপতি আজহারুল ইসলাম বলেন, 'বর্তমান সময়ের বিভিন্ন পেশার মধ্যে শীর্ষস্থানীয় হল স্থাপত্য। এই পেশার সুবিধা হল কোনো প্রতিষ্ঠানে কাজ করার পাশাপাশি চাইলে নিজেও একটি প্রতিষ্ঠান দাঁড় করিয়ে কাজ করা সম্ভব। এর পাশাপাশি আছে মুক্ত পেশাজীবী হিসেবে কাজ করার সুযোগও। তবে এ ক্ষেত্রে তিন থেকে পাঁচ বছরের কাজের অভিজ্ঞতা থাকা প্রয়োজন। কোনো স্থপতি যদি নিজের প্রতিষ্ঠান চালু করতে চায়, তাহলে তাকে প্রথমেই ইন্সটিটিউট অব আর্কিটেক্ট বাংলাদেশ (আইএবি) থেকে নিবন্ধন করিয়ে নিতে হবে এবং রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) থেকে প্রয়োজনীয় অনুমোদন নিতে হবে।

**যেসব প্রতিষ্ঠানে চাকরি :**
সরকারি চাকরির মধ্যে স্থাপত্য অধিদফতর, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষসহ সব উন্নয়ন কর্তৃপক্ষে স্থপতিদের কাজের সুযোগ রয়েছে। নগর উন্নয়ন অধিদফতর, সমাজসেবা অধিদফতর, স্থানীয় সরকার অধিদফতরে আর্কিটেক্টদের চাকরি করার কাজের সুযোগ রয়েছে।
এছাড়া দেশের ২৫টি বিশ্ববিদ্যালয়ের আর্কিটেকচার বিভাগে মেধাবীদের শিক্ষকতার সুযোগ রয়েছে। কনস্ট্রাকশন ফার্ম, রিয়েল অ্যাস্টেট কোম্পানিগুলোতে স্থপতিদের চাহিদা রয়েছে। সব মিলিয়ে দেশে আর্কিটেক্টদের চাহিদা ক্রমশই বাড়ছে।

**রয়েছে ফ্রিল্যান্ড আয়ের সুযোগও :**
এই পেশায় ফ্রিল্যান্স কাজের পর্যাপ্ত সুযোগ রয়েছে। অনেক প্রতিষ্ঠান আর্কিটেক ও ডিজাইন সম্পর্কিত বিভিন্ন বিজ্ঞাপন অনলাইনে দিয়ে থাকে। ইচ্ছুক আর্কিটেকচার ও ডিজাইনাররা অনলাইনে এসব কাজ করে প্রচুর অর্থ আয় করতে পারেন।

**আয়-রোজগার :**
একজন আর্কিটেক্ট চাকরির শুরুতে ২০ হাজার টাকা পেয়ে থাকেন। তবে ছয় মাসের মধ্যে সে যদি তার কাজের দক্ষতা দেখাতে সক্ষম হয় তাহলে তার আয়ের পরিমাণ অনেক বৃদ্ধি পেতে পারে। একজন দক্ষ আর্কিটেক্ট মাসে আনুমানিক দুই থেকে আড়াই লাখ টাকা আয় করে।

**সফল স্থপতির গুণাবলী :**
একজন সফল আর্কিটেক্ট হতে চাইলে যে গুণাবলী থাকা দরকার সে সম্পর্কে রূপায়ন আর্কিটেক্টের সিনিয়র স্থপতি রাফসান কবির বলেন, একজন ভালো স্থপতি হওয়ার প্রধান শর্ত হচ্ছে সৃজনশীল হওয়া। দেশ-বিদেশের বড় বড় স্থাপনার নকশা সম্পর্কে খোঁজ-খবর রাখতে হবে। কায়েন্টের আর্থসামাজিক অবস্থা বুঝে যথাযথ প্ল্যান দিতে হবে। ক্লায়েন্টকে কনভিন্স করতে থাকা চাই ভালো যোগাযোগ দক্ষতা। উদ্যমী হতে না পারলে এই পেশায় সফল হওয়াটা খুব কঠিন। কাজের মাধ্যমে নিজের প্রতিভাকে ফুটিয়ে তুলতে হবে। প্রতিনিয়ত সময়োপযোগী সিদ্ধান্ত গ্রহণে পারদর্শী হলে ক্যারিয়ারে সফল হওয়া খুব সহজ হবে।

# চলো হই আর্কিটেক্ট(Part-05: Composition)

যেকোন আর্কিটেকচার পরীক্ষার প্রশ্নের একটি হল কম্পোজিশন।বুয়েট, চুয়েটের ১ নং প্রশ্ন এবং অন্য যে কোন ভার্সিটির প্রশ্নে একটি হলেও কম্পোজিশন করতে বলে। কয়েকটি এলিমেন্ট দেওয়া থাকবে, সেগুলোর কম্পোজিশন করতে বলা হবে।


**প্রশ্ন হলো... what is composition?**
কম্পোজিশন হলো সাজানো ব্যবস্হা। যেমন, তোমার পড়ার টেবিলে বই, খাতা কলম, পেন্সিল এগুলো যেমন টেবিলের উপর সাজিয়ে রাখ, ঠিক তেমনি একটি পেইজের উপর সাজাতে হবে এলিমেন্ট গুলোকে।
এখন, কথা হলো, এলিমেন্ট গুলো কি কি?

- ✓ Point: বিন্দু
- ✓ Line: লাইন
- ✓ Plane : ত্রিভুজ, চতুর্ভুজ,বৃত্ত
- ✓ Volume : কোনিক, স্ফেয়ার, ব্লক, চোঙ


এই এলিমেন্ট গুলোর কয়েকটা দেওয়া থাকবে যা তোমাকে সাজাতে হবে। কিভাবে সাজাবে? চলো সাজানোর উপাই গুলো দেখি ও হ্যা। বৃত্ত হোক, বা লাইন। আকাতে হবে খালি হাতেই। না হলে বিপদ আছে।

**<u>Principles of composition:</u>**

- ✓ Axis
- ✓ Position
- ✓ Balance
- ✓ Symmetry assymetry
- ✓ Focus
- ✓ Hierarchy
- ✓ Proportion
- ✓ Framing



চিত্র-০১



চিত্র-০২


Composition এর জন্য এগুলা জানা অবশ্যক একটি ফ্রেমের মধ্যে অক্ষ axis নিজেকে বিবেচনা করে নিতে হবে। আমরা জানি, X-axis, Y-axis and Z-axis সম্পর্কে। অক্ষ বুঝে এলিমেন্ট গুলো সাজানো যায়।


কম্পোজিশনের মধ্যে এলিমেন্ট গুলোর পজিশন তোমর স্বাধীনতা মতো রাখবে,But, সেখানে সিমেট্রিক ভাব না আনাই ভালো। চিত্র-১ এ বৃত্তের কম্পোজিশন খেয়াল কর। সব গুলো সেম সাইজ। সিমেট্রিকক ভাবে আছে। এটা দেখতে ওতো ভালো লাগবে না। বাট, চিত্র-২ এর মতো সাইজে ভেরিয়েশন আনলে দেখতে আরেকটু সুন্দর হবে।



চিত্র-০৩


সুতরাং, তোমার কম্পোজিশনে এলিমেন্ট গুলোর সাইজ ভেরিয়েশন আনবে। চিত্র ৩ দেখ। লাইনের কম্পোজিশনে কিছু লাইন মোটা, কিছু চিকন। এগুলো তোমার কম্পোজিশন কে আরো মনোরম করবে।
এখন আসি, ফোকাস আর হায়ারার্কিতে। ফোকাস বলতে গোটা ফ্রেমে কিছু এলিমেন্ট এমন ভাবে সাজাতে হবে যেন দর্শনার্থীর চোখ একটি নির্দিষ্ট পয়েন্টে চলে যায়। ওটা ফোকাস।


চিত্র-৪


চিত্র-৫

চিত্র-৪ এ দেখ, এত্ত গুলো কার্ভ লাইনের মতো ফোকাস কিন্তু মোটা লাইনেই পড়ছে। এভাবে মোটা, চিকন করে ফোকাস আনা যায়।বৈজ্ঞানিক ভাবে দেখা যায়, রুল অভ থার্ডে কোন এলিমেন্ট থাকলে সেটি সবার নজরে আসে। রুল অফ থার্ড হলো একটি আয়তাকার ফ্রেমকে আনুভুমিক ও উলম্ব বরাবর ২ টি করে লাইন টানলে যে ৪টি বিন্দুগুলোতে ছেদ করে, সেটা গোল্ডেন পয়েন্ট। ওখানে ফোকাস হয়। চিত্র-৫ দেখ।

Academic & Admission Pathshala We Rise By Lifting Others



চিত্র-৬




চিত্র-৭


এবার চিত্র ৬;৭ দেখ(উপরের দুটি)। স্কয়ার আর বৃত্তের পারফেক্ট  কম্পোজিশন।ব্যালেন্স জিনিসটা হলো এমন, যেখানে এলিমেন্ট গুলো গোটা ফ্রেমে বিদ্যমান থাকে। তুমি কিছু এলিমেন্ট গুলো এক সাইডে  রাখলে অন্য সাইড খালি দেখাবে। যেটা খারাপ দেখাবে। তাই ফুল ফ্রেম  জুরে কম্পোজিশন করতে হবে।


এত্তো....সামনাসামনি না বুঝালে এর চেয়ে বেশি বোঝানো সম্ভব হচ্ছেনা। আশা করি বেসিক আইডিয়া পাইছো।

আরো কিছু উদাহরন দিলাম। দেখ ওগুলো।












Academic & Admission
pathshala
We Rise By Lifting Others

# চলো হই আর্কিটেক্ট(Part-06 : Logo Design)

লোগো/ পোস্টার ডিজাইন নিয়ে একটি প্রশ্ন থাকেই।লোগো ডিজাইনের জন্য কম্পোজিশনের মেইন থিম গুলো মনে রাখতে হবে। ফটোতে লোগো গুলো লক্ষ কর। সবগুলোর সাথে কিছু গল্প আছে। একটি লোগো, একটি কোম্পানি/প্রতিষ্ঠান কে তুলে ধরবে। তাই কিসের লোগো আকাবা সেটা সম্পর্কে অবশ্যই ধারনা থাকতে হবে।

মনে কর অনলাইন শপিং এর কোন সেন্টারের লোগো ডিজাইন করছো। অবশ্যই সেখানে এমন কিছু থাকতে হবে যেন বোঝা যায় সেটা যে সেটা শপিং পয়েন্ট। গোল্ডেন রেশিও দিয়ে সুন্দর লোগো সম্ভব।Golden Ratio / ফিবোনাক্কি সিরিজ সম্পর্কে গুগলে অনেক কিছু পাবে। অ্যাপল এর লোগো Golden Ratio/Golden Circle দিয়ে তৈরি।Photo তে লোগো গুলো থেকে আইডিয়া নেওয়ার চেস্টা কর। টাইপোগ্রাফি দ্বারাও লোগো হতে পারে। গুগলে এ বিষয়ে অনেক ইনফর্মেশন আছে... (শেষের ফটো টা টাইপোগ্রাফি)


TYPOGRAPHY

While we're on the subject of being unique, there's almost nothing that can give your logo a unique feel quite like some awesome custom lettering.

UNIQUENESS

Rather than following the herd and using a cliché design, you should instead strive for something that is uniquely recognizable. Evernote logo in this regard the folded ear of the elephant represents note page as folded, easily recognisable.

LESS IS MORE

Simple but powerful logos permeate the business world and always prove to be the best icons for standing the test of time.

A STORY TO BE TOLD

Every good logo has a story. Far beyond simply a pretty sketch, strong logos are filled with meaning, both obvious and hidden.In BMW the blue and white represent a propeller in motion with the sky peeking through.


The arrow between the letter 'E' and 'X', which represents the company's forward thinking ways and outlook towards the future.

There's a gorilla and a lion staring at each other from the sides of the tree.

The three ellipses seen in the logo for Toyota represent three hearts the heart of the customer, the heart of the product, and the heart of progress in the field of technology.

The Mercedes-Benz logo is the most confident of all. The tri-star represents the company's dominance in quality and style over all things land, sea and air.

The Google logo has four primary colors in a row then it's broken by a secondary color. Joyful in nature and encourages out of box thinking .

The Bronx Zoo can be found in New York City. The giraffes' legs represents New York's cityline artfully.

The blue lines forms the letter 'G' and the black space in between forms the letter 'C'.

The arrow is pointing from the a to the z. This represents the fact that Amazon has a large variety of items for sale, from A to Z.

The Apple logo represents the forbidden fruit from the "Tree of Knowledge" in the Biblical creation story of Adam and Eve.

The Adidas logo looks like a mountain to represent the obstacles that people need to overcome.

The sony VAIO logo refers to turning analog waves into a digital form.

Look closely at the mountain and you'll be able to spot a bear.

Letter 'R' and the circle next to it. You'll be able to see a cyclist in racing postion.

It first features a golfer swinging his club. With the use of negative space, it secondly features a side profile of a Spartan warrior.

BMW has a history in aviation and its logo stays true to its roots. The blue and white represent a propeller in motion with the sky peeking through.

Cisco is well-known for designing, manufacturing, and selling networking equipment. It is therefore not surprising that they decide to incorporate an illustrated digital signal into their logo.


Each of these hoops represent the 4 founding companies of the Auto-Union Consortium way back in 1932 like DKW, Horch, Wanderer and Audi.


IBM's logo has a hidden message for the whole world. The white lines passing through give the appearance of the equal sign in the lower right corner, representing equality.

Academic & Admission pathshala
We Rise By Lifting Others


# চলো হই আর্কিটেক্ট(Part-07 : Human Figure)

সকল আর্কি এক্সামেই এই টপিক থেকে প্রশ্ন আসবে।মনে রাখবে তুমি চারুকলায় এক্সাম দিচ্ছোনা। তুমি আর্কিটেকচার এক্সাম দিচ্ছো। ওত্ত সুন্দর আকানো লাগবেনা। দরকার অনলি বেসিক আইডিয়া।কয়েকটা লাইন, সেপস ব্যাবহার করে সহজে মানুষের ফিগার আকানো যায়। তার ছবি দেওয়া হলো....






চিত্র১ দেখ। ছেলে ও মেয়ের মুল বডি ২ টি ত্রিভুজ দিয়ে দেখানো হয়েছে। পুর্ণ বয়স্ক ছেলে মেয়ের ক্ষেত্রে এই পার্থক্য টা মাথায় রাখতে হবে।চিত্র২ এ রেশিও দেখানো হয়েছে।একজন পূর্ণ বয়স্ক ছেলে মেয়ের উচ্চতা তাদের নিজ নিজ মাথার উচ্চতার ৮ গুন। এবং চওড়া নিজ নিজ মাথার চওয়ার ৩ গুন। হবে। বাচ্চা কাচ্চার ক্ষেত্রে ভিন্ন ব্যাপার। এক্ষেত্রে ৮ টা সমান মাথা আকিয়ে নিলে ১ম টা মেইন মাথা, ২য় মাথার আর্ধেকটা গলা, বাকি অর্ধেক থেকে বুক শুরু হবে, ৩য় মাথার শুরুতে বগল থাকবে, ৪র্থ মাথার শেষ ভাগে আপার পার্ট শেষ হবে এবং পা শুরু হবে ৫ম মাথা থেকে। হাত ২য় মাথা থেকে শুরু হয়ে ৫ম মাথার মাঝামাঝি অর্থাৎ কোমড় পর্যন্ত যাবে।৬ষ্ট মাথার শেষভাগে হাটু এবং ৮ম মাথার মাঝখানে গোড়ালি থাকবে। বাকি অর্ধেকে পায়ের পাতা থাকবে।বডির প্রসারতা সর্ব্বোচ্চ ৩ মাথার চওড়ার মতো হবে।বেশি যেন না হয়।




মাথা আকানোর জন্য ৩য় চিত্র টি লক্ষ কর। বৃত্ত ও লাইনের মাধ্যমে সুন্দর মাথা তৈরি করতে পারবে। ডিটেলস (চোখ নাক মুখ ভ্রু) না পরলে আকানোর দরকার নাই। হাত পা স্টিক ফগারের মাধ্যমে তৈরি করা যায়।কিছু লাইন আকিয়ে নিলেও হয়।


We Rise By Lifting Others

চিত্র ৪ দেখ(নিচেরটা)।এবার ফুল ফিগারে চলো ফুল ফিগার আকার সহজ নিয়ম স্টিক ফিগার। রেশিও আগের মতো ৮ মাথা অনুসারে পেন্সিলের হালকা দাগ দিয়ে স্টিক আকিয়ে  নিবে। তারপর আস্তে আস্তে বডি বানাবে।






চিত্র-৫


চিত্র-৬


৫ম, ৬ষ্ঠ চিত্র দেখ ফন্ট ভিউ আর সাইড ভিউ আকানো।
এভাবে মাটামুটি ফিগার দিয়ে স্কেচ করলেই হবে। রেশিও ঠিক থাকলে ডিটেলস এর দরকার নাই ওতো। বোঝা গেলেই হবে।





Academic & Admission



Academic & Admission
pathshala
We Rise By Lifting Others







# চলো হই আর্কিটেক্ট(Part-08 : Poster Design)

পোষ্টার ডিজাইন/ লোগো/বুক কভার ডিজাইনের মধ্য থেকে একটি প্রশ্ন প্রতিবার ই আসে। পোষ্টার ডিজাইনের জন্য সবচেয়ে বেশি যে জিনিস টা দরকার সেটা হল তোমার মাথা, ব্রেন আর হাত। তোমার আকানো পোষ্টার টি প্রস্তুত হবে তোমার ক্রিয়েটিভিটি দ্বারা যা সামগ্রিক বিষয়গুলো কে তুলে ধরবে।

প্রথমেই মাথায় রাখতে হবে কি বিষয়ের উপর পোস্টার আকাচ্ছো। পোস্টারটিতে যেন সেই বিষয় টা ফুটে উঠে সেদিক খেয়াল রাখতে হবে। পোষ্টার টি দেখতে যেমন আকর্ষণীয় হতে হবে, ঠিক তেমনি থাকতে হবে সব ইনফরমেশন।

যদি স্বাধীনতা বিষয়ক পোস্টার তৈরি করতে চাও তবে অবশ্যই স্বাধীনতার চেতনাকে ধারণ করতে হবে। অবশ্যই সেখানে কিছু উক্তি দিতে পারো, দিতে পারো বঙ্গবন্ধুর ছবি/স্কেচ, হতে পারে অনেক কিছু।




We Rise By Lifting Others

চিত্র ১ লক্ষ্য কর। এটা বেসিক স্বাধীনতার পোষ্টার। তবে যদি বলে, তোমার বিদ্যালয়ে স্বাধীনতার অনুষ্ঠান উপলক্ষে পোষ্টার, তবে একটু ভিন্নতা আনতে হবে। বেসিক সাধারন পোষ্টারের সাথে অবশ্যই উল্লেখ করতে হবে প্রোগ্রাম কর্মসূচি / টাইমটেবিল। ছোট করে এটার উল্লেখ না থাকলে তোমার পোস্টার ডিজাইনের মুল লক্ষ্য ব্যাহত হবে।


তোমার পোস্টার ডিজাইনে আকর্ষণীয় কিছু থাকবে যেন লোকজন দেখায় আগ্রহী হয়, এবং সকল ইনফর্মেশন দেখতে পারে একটি পোস্টার থেকেই।

মনে কর পহেলা বৈশাখ / কোন এক্সিবিশনের পোস্টার করতে হবে। এখানে তুমি যদি টাইমটেবিল, ডেট, প্লেস না দাও হবে মানুষ বুঝবে কিভাবে? তাই যেকোন কনফারেন্স/ অনুষ্ঠানের পোষ্টারে এগুলা দেওয়া লাগবে। বাট, গনসচেতনতার পোস্টারে এত্ত কিছু লাগেনা। মেইন থিম বোঝালেই হয়।

যেমন: কয়েকটি পোস্টার দেওয়া হলঃ দুর্নীতিকে না বলুন, world climate change, CO2, water war, এগুলাতে মেইন থিম হলেই হয়।

বাট, পরের ট্রেড ফেয়ারের পোস্টার টা দেখ। BOLOGNA FESTIVAL, SALIDA WINEFEST এর পোস্টার দেখ। এগুলাতে টাইম, ডেট, প্লেস মাস্ট।

সুন্দর পোস্টার ডিজাইনের জন্য টাইপোগ্রাফি অনেক হেল্পফুল। টাইপোগ্রাফি/ লেখার ধরন সুন্দ না হলে পোস্টার টা খারাপ দেখাবে, লোকজন দেখবেনা। ছবির পোস্টার গুলোর মধ্যে দেখ একটি পোস্টার সম্পূর্ণ টাইপোগ্রাফি দিয়ে করা হয়েছে।








Academic & Admission
We Rise By Lifting Others




Academic & Admission
We Rise By Lifting Others


BOLOGNA
FESTIVAL
2012
XXXI EDIZIONE
time
place
www.bolognafestival.it


The
3RD
ANNUAL
AUGUST 30TH
SATURDAY
1-6PM
SALIDA
WINEFEST
2014
RIVERSIDE PARK
SALIDA, COLORADO
CELEBRATING COLO. WINE FOOD MUSIC & ART
SalidaWinefest.com
SALIDA CO
ADVANCE TICKETS · SALIDAWINEFEST.COM




Academic & Admission



# চলো হই আর্কিটেক্ট(Part-09 :3D Drawing)

Perspective Drawing নিয়ে প্রশ্ন আসেই। আজ এ সম্পর্কে আলোচনা করব।যে কোন ড্রয়িং এর বাস্তব রূপ দেওয়ার জন্য ত্রিমাত্রিক ড্রয়িং প্রয়োজন। ৪ রকমের ত্রিমাত্রিক ড্রয়িং রয়েছে। তবে শুধু perspective লাগবে।




চিত্র১ দেখ। এখানে মোটামুটি ৩ টি অক্ষ আছে। perspective এর ক্ষেত্রে দুরের জিনিস ক্রমশ ছোট হয়ে যায়। ছোট হতে হতে এক সময় হারিয়ে যায়।

perspective drawing ৩ রকমঃ

1. one point perspective
2. two point perspective
3. three point perspective


So?? চলো, এই ড্রয়িং এর জন্য যে টপিক গুলো দরকার তা দেখে নিই।


♥ ভ্যানেশিং পয়েন্ট (VP) :




যে কোন বস্তুকে দুরে সরাতে থাকলে ক্রমশ ছোট হয়ে যায়। এক সময় মনে হয় কোথাও বিলীন হয়ে গেছে। যে বিন্দুতে শেষ হয়ে যায়, সেটাই VP আমরা আকানোর সময় শুরুতেই VP আকাবো। তারপর শুরু করবো।

♥আই লেভেলঃ




বিভিন্ন উচ্চতা থেকে একই বস্তুকে দেখতে বিভিন্ন রকম লাগে। এটা সাধারনত আমাদের আই লেভেলের পার্থক্যের জন্য হয়ে থাকে। আই লেভেল সাধারনত ৫ ফিট উচ্চতায় ধরা হয়।


ড্রইং এর সময় আই লেভেল সাধারনত horizon line এর উপর থাকে। লাইনের উপর একটি বিন্দু vp ধরা হয়।


## ♥ANGLE OF VIEW:




OBJECT গুলো বিভিন্ন দিক থেকে বিভিন্ন রকম লাগে সুধু angle of view এর জন্য।


## ♥HUMAN IN PERSPECTIVE






দূরের বস্তু কে ছোট, কাছের বস্তুকে বড় দেখাই।তাই দুরত্ব অনুপাতের বিষয় টা বিবেচনায় রাখতে হবে।

♥OBJECTS IN PERSPECTIVE




যে কোন অবজেক্টিভের জন্য Perspective কাজ করে।এই কাজ টা Composition এর ক্ষেত্রে করতে পারো, সেটাকে আরো সুন্দর করার জন্য।
এইতো...এগুলাই। আর নাই।
আজ শুধু one point perspective দেখাবো। ১ম চিত্র টাই one point.
one point এ VP। থাকে ১ টা।
১ টা থেকে লাইন গুলা ছড়িয়ে দিয়ে 3d drawing kora jai.
কি ভাবে করবে??


1. একটা horizpn line নিবে
2. তার উপর VP ; এক টা পয়েন্ট নিবে।
3. যে বস্তু আকাবে তার একটি ভিউ আকাবে। HB পেন্সিল দিয়ে। সব বিন্দু দিয়ে যোগ করে রেফারেন্স লাইন টানতে হবে VP পর্যন্ত।
4. এভাবে শেষ করবে ড্রইং।
5. এবার 6B pencil দিয়ে মেইন লাইন গুলো ডিপ করে দিবে।
6. বুঝলে না তো??

এই লিংকে যেয়ে ভিডিও দেখ>>>

- ♥ https://youtu.be/XRrKohWdpeQ
- ♥ https://youtu.be/0ICyLN6I2cY
- ♥ https://youtu.be/Ok58EFWIdDQ
- ♥ https://youtu.be/Xv1LFjApbKk

Classroom এর চিত্র গুলো পর্যায়ক্রমে দেওয়া হলো। কিছু আইডিয়া পাবে।








Academic & Admission
Pathshala
We Rise By lifting others





Academic & Admission



**ক্রেডিটঃ**

- ✓ NAJMUS SAKIB PRANTO ( 2nd year, department of architecture, RUET)
- ✓ Facebook Page : চলো হই আর্কিটেক্ট

Academic & Admission pathshala
We Rise By Lifting Others